



যুবলীগ-ছাত্রলীগের মিছিল থেকে পুলিশের ওপর হামলায় আহত ২



ছবি: সংগৃহীত

গোপালগঞ্জ সদর উপজেলার বেদগ্রাম খেয়াঘাট এলাকায় নিষিদ্ধ ঘোষিত যুবলীগ ও ছাত্রলীগের মিছিল থেকে পুলিশের ওপর হামলার ঘটনা ঘটেছে। এ সময় পুলিশের একটি গাড়ি ভাঙচুর করা হয়। হামলায় দুই পুলিশ সদস্য আহত হয়েছেন।

শনিবার (২৪ অক্টোবর) বিকেলে এ ঘটনা ঘটে। হামলার পর মিছিলে থাকা ব্যক্তিরা পুলিশ সদস্যদের ধাওয়া দেন। পরে পুলিশ সদস্যরা গাড়ি নিয়ে ঘটনাস্থল ছাড়েন।

গোপালগঞ্জ সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. আমিনুল ইসলাম জানান, বেদগ্রাম খেয়াঘাট এলাকায় পুলিশের নিয়মিত টহল চলছিল। এ সময় নিষিদ্ধ ঘোষিত যুবলীগ নেতা মিলন ও ছাত্রলীগ নেতা মুরসালিনের নেতৃত্বে কয়েকজন মিছিল নিয়ে পুলিশের ওপর হামলা চালান। এতে সদর থানার উপপরিদর্শক (এসআই) ফুলমিয়াসহ দুই পুলিশ সদস্য আহত হন। হামলাকারীরা পুলিশের একটি গাড়িও ভাঙচুর করেন।

আহত দুই পুলিশ সদস্যকে গোপালগঞ্জ ২৫০ শয্যাবিশিষ্ট জেনারেল হাসপাতালে প্রাথমিক চিকিৎসা দেওয়া হয়েছে। এ ঘটনায় জড়িতদের গ্রেপ্তারে অভিযান চলছে বলে জানিয়েছেন ওসি মো. আমিনুল ইসলাম।